



উপজেলা পরিষদ কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার সেপ্টেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ২৫-০৯-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। উপজেলা স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
২। উপজেলা কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন রবি/২০২৩-২৪ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহ করা হবে। যার মধ্যে রয়েছে গম (২০০জন), ডুট্টা (১৫০জন) সরিষা (৩৬০০জন), সূর্যমুখী (৪০০জন), চিনাবাদাম (১০০০জন), সয়াবিন (৪০০জন) মুগ (১০০০জন) মসুর (৬০জন) ও খেসারী (৭০০জন)। প্রত্যেক কৃষক ১ বিঘা জমির জন্য সার ও বীজ পাবেন। এ বিষয়ে তালিকা প্রস্তুতে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার।
৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে ফার্মাস ফিল্ড স্কুলের প্রডিউসার গ্রুপ খামারীদের মাঝে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় চরফকিরাতে মুরগী পালন, মুছাপুরে ভেড়া পালন ও চরএলাহীতে মুরগী পালন প্রডিউসার গ্রুপ খামারীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
৪। পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প:প: কর্মকর্তা
৫। মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১২-১০-২০২৩ খ্রি : তারিখ হতে ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান শুরু হবে। এসময় সকল প্রকার মাছ ধরা, বিক্রয়, পরিবহন ও মজুদ করা নিষিদ্ধ। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ
৭। এলজিইডি : (ক) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্কীম দাখিল করার জন্য প্রস্তাব করেন।	(ক) ২০২৩-২৪ অর্থবছরের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে যথাসময়ে এডিপি'র স্কীম দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল)
৮। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

৯। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। উপকারভোগীগণ আশ্রয়ন প্রকল্পে নিয়মিত বসবাস করে না ফলে ঋণ আদায়ের পরিমাণ কম। প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান আছে এবং আশ্রয়ন প্রকল্পের ঋণের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১০। খাদ্য বিভাগ : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ মৌসুম অত্র উপজেলায় সংগ্রহের নিমিত্ত ৭৬৩ মে.টন ধান ও ১২৬৩০০০ মে. টন চালের বরাদ্দ লক্ষ্যমাত্রা পাওয়া যায়। সংগ্রহের সময়সীমা ৩১-০৮-২০২৩ ইং হতে বৃদ্ধি করে ১৫-০৯-২০২৩ ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ধান সংগ্রহ করা সম্ভব না হলেও ১০২০০০০ মে.টন চাল সংগ্রহ করা সম্ভব হয়। ইতিমধ্যে খাদ্যবান্ধব কর্মসূচীর অধীনে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সেপ্টেম্বর/২৩ ও অক্টোবর/২৩ মাসের বরাদ্দকৃত চাল অগ্রীম উত্তোলন ও ডিলার কর্তৃক বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার মাকসুদাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও বসুরহাট আবদুল হালিম করোনেশন সরকারি উচ্চ বিদ্যালয়ে শিক্ষকের স্বল্পতা রয়েছে। পর্যাপ্ত শিক্ষক না থাকায় শিক্ষার্থীগণ লেখাপড়া থেকে বঞ্চিত হচ্ছে এবং তাদের শিক্ষা জীবন ব্যাহত হচ্ছে। তৎপ্রেক্ষিতে বর্ণিত ২টি সরকারি উচ্চ বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে শূন্য পদে শিক্ষক পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বর্ণিত ২টি সরকারি উচ্চ বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে শূন্য পদে শিক্ষক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র প্রেরণের সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১২। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর : উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৪। যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইম্প্যাক্ট) ৩য় পর্যায়ের” প্রকল্পের কাজ কোম্পানীগঞ্জ উপজেলাতে শুরু হয়েছে। গবাদি পশু/হাঁস-মুরগির খামারীদের নিয়ে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও বায়োগ্যাস প্রকল্প প্রতিষ্ঠার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত ২০ জনের প্রশিক্ষণ প্রদানের জন্য ইতিমধ্যে প্রস্তুতি নেয়া হয়েছে। তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৫। বন বিভাগ : উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২নং চরপার্বতী ইউনিয়নে সুফল প্রকল্পের বিগত ২০২২-২৩ অর্থবছরে সৃজিত ৪৫ কিমি সংযোগ সড়ক বাগানের পরিচর্যা অব্যাহত আছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা
১৬। জনস্বাস্থ্য বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৭। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানায় যে, ২০১৯-২০ অর্থবছরে প্রদত্ত সোনারের মধ্যে শুধু রামপুর ও চরএলাহী ইউনিয়নের অভিযোগ পাওয়া যায়। বাকী ইউনিয়নসমূহ হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১৮। সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

১৯। বিদ্যুৎ বিভাগ: আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২০। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২১। পল্লী উন্নয়ন অফিস : পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে এবং খেলাপী ঋণ আদায়ে ক্রাশ প্রোগ্রাম অব্যাহত রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
২২। বিএডিসি বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ)
২৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা)
২৪। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৫। চেয়ারম্যান, ০২ নং চরপার্বতী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নের চরপার্বতী বাজারে ড্রেনের উপরের স্লাবসমূহ বসানোর পূর্বে ভেঙ্গে গেছে, ফলে স্লাবসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়া চৌধুরীহাট উচ্চ বিদ্যালয়ের মাঠে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৬। চেয়ারম্যান, ০৫ নং চরফকিরা ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নের চাপরাশিরহাট বাজার রাস্তাটি সিসি ঢালাই করা এবং চাপরাশিরহাট বাজারে একটি পাবলিক টয়লেট স্থাপনের জন্য অনুরোধ করেন।	সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৭। চেয়ারম্যান, ০৭ নং মুছাপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, মুছাপুর বাংলাবাজার টু চৌধুরীবাজার রাস্তাটি নাজুক অবস্থায় রয়েছে। পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় সামান্য বৃষ্টিতে রাস্তাটিতে পানি জমে যায়, যার ফলে রাস্তাটি নষ্ট হয়ে গেছে। তিনি উক্ত রাস্তাটির পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়া মুছাপুরে কিছু কাঁচা রাস্তা রয়েছে, সেগুলো পাকা করার জন্য অনুরোধ করেন।	সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বালু উত্তোলন বন্ধের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া মাদক নিয়ন্ত্রণের বিষয়ে ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্যসহ সকলের সহযোগিতায় সামাজিক সচেতনতা তৈরি করার কথা বলেন।	সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগ
২৯। উপজেলা পরিষদ বিবিধ : (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। (খ) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক ভবনের পূর্ব দিকের গেইট এবং উপজেলা পরিষদ পুরাতন ভবনের উত্তর পাশের কলাবসিবল গেইট মেরামতের বিষয়ে আলোচনা করা হয়। (গ) উপজেলা পরিষদ কমপ্লেক্স (নতুন ভবন) এর ইন্টারনেট গতি বৃদ্ধির জন্য রাউটার ও অনু স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক ভবনের পূর্ব দিকের গেইট এবং উপজেলা পরিষদ পুরাতন ভবনের উত্তর পাশের কলাবসিবল গেইট মেরামতের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা পরিষদ কমপ্লেক্স (নতুন ভবন) এর ইন্টারনেট গতি বৃদ্ধির জন্য	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী

	রাউটার ও অনু স্থাপনের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	
--	--	--

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোহাম্মদ শাহাব উদ্দিন)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-

২৬৬২

তারিখ : ০৫ অক্টোবর ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী



মো: মেজবা উল আলম ভূঁইয়া

উপজেলা নির্বাহী অফিসার

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

ফোন : ০২৩৩৪৪৯৪২০৪

E-mail: unocompaniganj@nkh.gov.bd